

## ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৭৭

পর্ব ২১: খাদ্য (ইন্স্রহান্)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصلُ الْأُوَّلُ

আরবী

وَعَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «طَعَامُ الْاثْنَيْنِ كَافِي الثلاثةِ وطعامِ الثلاثةِ كَافِي الثلاثةِ كَافِي الْأَرْبَعَة»

বাংলা

8১৭৭-[১৯] উক্ত রাবী [আবূ হুরায়রা (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ দু'জনের খাবার তিনজনের জন্য যথেষ্ট এবং তিনজনের খাবার চারজনের জন্য যথেষ্ট। (বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ: বুখারী ৫৩৯২, মুসলিম (২০৫৮)-১৭৮, সুনানুন্ নাসায়ী আল কুবরা ৬৭৭৩, তিরমিয়ী ১৮২০, সিলসিলাতুস্ সহীহাহ্ ১৬৮৬, মুওয়াত্ত্বা মালিক ৩৪৩২, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২১২৯, ইবনু মাজাহ ৩২৫৫, সহীহুল জামি' ৪৫০১, মুসনাদে আহমাদ ৭৩২০, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৩০৫৮।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (طَعَامُ الاثْنَيْنِ كَافِي النَّلَاثَةِ) "দু'জনের খাবার তিনজনের জন্য যথেষ্ট" অর্থাৎ যে খাবার দু'জনে পেটপুরে তৃপ্তি সহকারে খেতে পারে, ঐ খাবার তিনজনের পেটপুরে খাবার না হলেও তাদের প্রয়োজন পূরণের জন্য যথেষ্ট হয়, ফলে তাদের 'ইবাদাত করার জন্য শক্তি অর্জিত হয় ও দুর্বল হয়ে পরা থেকে রক্ষা পায়।

এ হাদীসের তথা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উদ্দেশ্য হলো মু'মিনের উচিত পেটপুরে আহার করতে না পারলেও অল্প আহারে তুষ্ট হওয়া এবং প্রয়োজনের অতিরিক্ত খাবার অভাবী ব্যক্তিকে প্রদান করা।

হাদীসের শিক্ষা: অল্পে তুষ্ট হওয়া এবং অন্যদের প্রতি সমব্যথিত হওয়া।



(মিরকাতুল মাফাতীহ; তুহফাতুল আহ্ওয়াযী ৫ম খন্ড, হাঃ ১৮২০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন